

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
পরিকল্পনা ইউনিট  
৬, কাওরানবাজার, ঢাকা।

স্মারক নং ৪ পপঅ/পরি/এনজিও নীতিমালা /০১/০৮/ ৩৬৯

তারিখ : ১১/০৭/২০১৭ বঙ্গ

অসরকারী সংস্থার অধিভুক্তি নবায়ন নীতিমালা

পরিবার পরিকল্পনা, মা-শিশু ও কিশোর কিশোরীদের স্বাস্থ্য সেবা এবং পুষ্টি কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট বেসরকারী ও স্বেচ্ছাসেবী সংস্থা সমূহকে নিম্নোক্ত শর্তদি পূরণ সাপেক্ষে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধিভুক্তি নবায়ন করা হবে।

শর্তসমূহ :

১. সকল অসরকারী সংস্থাকে অধিভুক্তি নবায়নের জন্য সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার মাধ্যমে সংস্থার নিজস্ব প্র্যাতে অধিদপ্তরের নির্ধারিত আবেদন ফরম অনুযায়ী মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর আবেদন করতে হবে। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা অধিভুক্তি নবায়নের জন্য আবেদনকারী অসরকারী সংস্থাটির সকল কাগজ পত্র (ফরমেট অনুযায়ী সংস্থার আবেদন, গঠনতত্ত্ব, সর্বশেষ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নির্বাহী কমিটির তালিকা, কার্যক্রম ঘূর্ণ্যায়ন প্রতিবেদন, অধিভুক্তি নবায়ন কমিটির সুপারিশ, অধিভুক্তি নবায়নের ফি হিসেবে প্রাপ্ত ট্রেজারী চালনের কপি, অর্থায়ন সংক্রান্ত তথ্য, পূর্ববর্তী এক বছরের নিরীক্ষা প্রতিবেদন) সংযুক্ত করে অধিভুক্তি নবায়নের পক্ষে/বিপক্ষে সুস্পষ্ট মতামতসহ সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা বরাবর প্রেরণ করবেন এবং উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন। সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা'র মাধ্যম/সুপারিশ ব্যতিত কোন সংস্থা অধিভুক্তিকরণের জন্য অধিদপ্তরের সাথে সরাসরি যোগাযোগ গ্রহণযোগ্য হবে না।

২। আবেদনকারী সংস্থাকে সমাজকল্যান অধিদপ্তর/এনজিও বিষয়ক ঝুরো/রেজিস্টার জয়েন্ট স্টক কোম্পানির (যে কোন একটি প্রতিষ্ঠান) হতে নিবন্ধিত হতে হবে। আবেদনের সাথে কমপক্ষে যে কোন একটি নিবন্ধন সনদের সত্যায়িত ছায়াকপি সংযুক্ত করতে হবে।

৩। সংস্থার কার্যক্রম পরিচালনার জন্য দাতা সংস্থা কর্তৃক দেয় অঙ্গীকার পত্রে (commitment for fund) অর্থের পরিমাণ ও সহযোগিতার মেয়াদ উল্লেখ করতে হবে। দাতা সংস্থার অঙ্গীকার না থাকলে নিজস্ব অর্থায়নের ক্ষেত্রে অর্থের উৎস স্বত্ত্বালিত সকল প্রমাণাদি এবং সংস্থার পরিচালনা ব্যয় নির্বাহের খাতওয়ায়ী বিবরন ও হালনাগাদ ইটিআইএন (E-TIN) নথরের সনদ পত্র দাখিল করতে হবে।

৪. ক্লিনিক্যাল কার্যক্রম পরিচালনার জন্য আবেদনকারী সংস্থাটিকে ০২ (দুই) বছরের জন্য ক্লিনিক প্রতি নবায়ন ফি বাবদ ২০০০/- টাকা ও সিবিডি কার্যক্রম পরিচালনার জন্য জেলাভিত্তিক ১০০০/- (এক হাজার) টাকা ট্রেজারী চালানের কোড নং ১-২৭৮১-০০০০-১৮৩৬ এ জমাদান পূর্বক জমার স্বপক্ষে স্থানীয় ট্রেজারী প্রত্যয়ন পত্র গ্রহণ করে (সিটিআর) সংশ্লিষ্ট উপজেলার উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ছায়ালিপি আবেদন পত্রের সাথে সংযোজন করতে হবে।

৫। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সাথে অধিভুক্তির পর কোন অসরকারী সংস্থা তার এলাকা সম্প্রসারণ কিংবা নতুন ক্লিনিক পরিচালনা করতে চায়, সেক্ষেত্রে বিদ্যমান নীতিমালা অনুযায়ী অনুমোদন নিতে হবে। এক্ষেত্রে ইতোপূর্বে অনুমোদিত কর্ম এলাকা বা ক্লিনিকের মেয়াদের সাথে সামন্জস্য রেখে নতুন অনুমোদনের সময়কাল সম্ভবয় করা হবে।

৬। আবেদনপত্রের সাথে সংস্থার অঙ্গীয় ০২ বছরের সেবা ভিত্তিক কর্মপরিকল্পনা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিদ্যমান নীতিমালার সাথে সামন্জস্য রেখে দাখিল করতে হবে। সেইসাথে সংস্থার মাসিক প্রাক্তিক জন্মনিরোধক দ্রব্য সামগ্রীর পদ্ধতি ভিত্তিক চাহিদার পরিমাণ উল্লেখ করতে হবে।

৭। অধিভুক্তি কিংবা অধিভুক্তি নবায়নের মেয়াদ শেষ হবার মূল্যতম ৪ মাস আগে পুনরায় অধিভুক্তি নবায়নের জন্য সংস্থাটিকে মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদণ্ডের বরাবর সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে সংস্থার কার্যক্রম মূল্যায়ন প্রতিবেদন এবং প্রয়োজনীয় তথ্যাদিসহ আবেদনপত্র দাখিল করতে হবে। সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় হতে ১ মাসের মধ্যে জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় এবং জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় ২ মাসের মধ্যে (ক্লিনিক্যাল কার্যক্রমের ক্ষেত্রে জেলা টেকনিক্যাল কমিটির কার্যবিবরনীসহ) নবায়নের সকল তথ্যাদি পরিবার পরিকল্পনা অধিদণ্ডের অগ্রায়ন করবেন। পরিবার পরিকল্পনা অধিদণ্ডের পরিকল্পনা ইউনিট ১ মাসের মধ্যে অনুমোদন প্রক্রিয়া সমাপ্ত করবে। তবে সংস্থাটি যদি সময়মত আবেদন করতে ব্যর্থ হয়, তবে প্রতি মাসের জন্য ক্লিনিক প্রতি নবায়ন ফির এক চতুর্থাংশ (৫০০/- টাকা) বিলম্ব ফি (late fee) প্রদান করতে হবে।

৮। অধিভুক্তির পর যদি কোন সংস্থা এলাকা সম্প্রসারণ বা নতুন ক্লিনিক পরিচালনা করতে চায়, তাহলে নবায়নের জন্য আবেদনের সময় সুনির্দিষ্টভাবে তা উল্লেখ করতে হবে। কমিউনিটি বেইজড ডিস্ট্রিবিউশন (সিবিডি) কার্যক্রমের জন্য সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক সুপারিশকৃত ও সংশ্লিষ্ট উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা কর্তৃক অনুমোদিত নিম্নলিখিত ছক অনুযায়ী এলাকা বরাদ্দপত্র (ক্লিনিক্যাল কার্যক্রম পরিচালনাকৃত কোন সংস্থার যদি সিবিডি কার্যক্রম পরিচালনা করতে চায় তার ক্ষেত্রেও প্রযোজ্য হবে) প্রেরণ করতে হবে। যে সব এলাকা বষ্টন করা হবে সেখানে FWA'র নির্দিষ্ট এলাকা কেন বষ্টন করা হলো তার মৌত্তিকতা উল্লেখ করতে হবে। সংস্থার বাড়ী পরিদর্শনভিত্তিক সেবা (domiciliary service) দেয়ার অঙ্গীকারপত্র আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

জেলা/ উপজেলার নাম	সিটি কর্পোরেশন/ পৌরসভা/ ইউনিয়নের নাম	ওয়ার্ড/ ইউনিটের নম্বর	এনজিও কর্মীর নাম	গ্রামের নাম	সংস্থার মাঠকর্মীকে দেয়ার ধোগ্য সক্ষম দম্পত্তির সংখ্যা	FWA'র সক্ষম দম্পত্তির সংখ্যা	সংশ্লিষ্ট এলাকার মোট সক্ষম দম্পত্তির সংখ্যা

৯। বষ্টনকৃত এলাকায় একের অধিক কোন অসরকারী সংস্থাকে কাজ করতে দেয়া যাবে না। তবে জনসংখ্যা ও সেবা চাহিদার পরিপ্রেক্ষিতে এবং স্থানীয় কর্তৃপক্ষের বিবেচনাক্রমে, জনসংখ্যা ৬০০০ (ছয় হাজার) এর অধিক হলে একাধিক ক্লিনিক/ সংস্থা থাকতে পারে।

১০। ক) সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়নে অসরকারী সংস্থা সমূহের পরিবার পরিকল্পনা অধিদণ্ডের অধীনে সিবিডি কার্যক্রম পরিচালনার জন্য অধিভুক্তি নবায়নের ক্ষেত্রে, সুপারিশ করার পূর্বে নিম্নোক্ত কমিটি সংশ্লিষ্ট সংস্থার কার্যক্রম সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিল করবেনঃ

❖ উপজেলা পর্যায়ে অবস্থিত পৌরসভা এবং ইউনিয়নে সিবিডি কার্যক্রম পরিচালনার জন্য অধিভুক্তি নবায়নের কমিটিঃ

- ক. উপজেলা নির্বাহী কর্মকর্তা - সভাপতি
- খ. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) - সদস্য
- গ. সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য
- ঘ. সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি) - সদস্য
- ঙ. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য সচিব।

❖ সিটি কর্পোরেশন এবং জেলা সদরে অবস্থিত পৌরসভায় সিবিডি কার্যক্রম পরিচালনার জন্য অধিভুক্তি নবায়নের কমিটিঃ

- ক. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা - সভাপতি।
- খ. সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা - সদস্য।
- গ. সহকারী পরিচালক, (সিসি) - সদস্য।
- ঘ. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), সদর/ সংশ্লিষ্ট উপজেলা - সদস্য।
- ঙ. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর/ সংশ্লিষ্ট উপজেলা - সদস্য সচিব।

খ) সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়নে অসরকারী সংস্থাকে পরিবার পরিকল্পনা অধিদণ্ডের সিবিডি/ ক্লিনিক্যাল কার্যক্রম পরিচালনার জন্য অধিভুতি নবায়নের ক্ষেত্রে সুপারিশ করার সময় নিম্নোক্ত কমিটি সংশ্লিষ্ট অসরকারী সংস্থার কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন।

❖ উপজেলা পর্যায়ে অবস্থিত পৌরসভা এবং ইউনিয়নে ক্লিনিক্যাল কার্যক্রম পরিচালনার জন্য অধিভুতি নবায়নের কমিটি:

- ক. উপজেলা নির্বাহী কর্মকর্তা - সভাপতি।
- খ. উপজেলা/থানা পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য
- গ. সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য
- ঘ. সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি) - সদস্য
- ঙ. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), সংশ্লিষ্ট উপজেলা - সদস্য সচিব।

❖ সিটি কর্পোরেশন এবং জেলা সদরে অবস্থিত গৌরসভায় ক্লিনিক্যাল কার্যক্রম পরিচালনার জন্য অধিভুতি নবায়নের কমিটি :

- ক. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা - সভাপতি।
- খ. সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা - সদস্য।
- গ. সহকারী পরিচালক, (সিসি) - সদস্য।
- ঘ. উপজেলা/থানা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর।
- ঙ. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), সদর - সদস্য সচিব।

১১। সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিভুতি নবায়নের জন্য আবেদনকারী সংস্থাটির প্রেরিত আবেদনপত্র অধিভুতি নবায়ন নীতিমালা অনুযায়ী সকল কাগজপত্র (আবেদন ফরমেটসহ) সংযুক্ত করে অধিভুতি নবায়নের পক্ষে/বিপক্ষে সুস্পষ্ট মতামতসহ অগ্রায়ন পত্র প্রেরণ করবেন। এছাড়াও ক্লিনিক্যাল কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অধিভুতি নবায়নের জন্য উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা সংশ্লিষ্ট জেলার জেলা টেকনিক্যাল কমিটির সভার কার্যবিবরণীসহ অগ্রায়ন পত্রে সংযুক্ত সকল কাগজ পত্রের তালিকা উল্লেখ করে মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদণ্ডের বরাবর প্রেরণ করবেন।

১২। অধিভুতি প্রাপ্তির পর সংস্থাটিকে প্রতি ০২ (দুই) বছর পর অধিভুতি নবায়ন করতে হবে। এ ক্ষেত্রে বর্ষ-পুঁজির পরিবর্তে আর্থিক বছর (জুলাই - জুন) গণ্য করা হবে। পরিবার পরিকল্পনা অধিদণ্ডের সাথে অধিভুতিইহীন বা মেয়াদ-উত্তীর্ণ কোন সংস্থা বরাবর কোন ঔষধ বা জননিয়ত্বণ সামগ্রী সরবরাহ করা যাবে না। তবে কর্মসূচীর স্বার্থে এবং বিশেষ ক্ষেত্রে উপ-পরিচালক, পরিবার পরিকল্পনার অনুমোদন সাপেক্ষে নৃন্যতম ৩ মাস পর্যন্ত ঔষধ বা জননিয়ত্বণ সামগ্রী সরবরাহ করা যেতে পারে।

১৩। অধিভুতি প্রাপ্ত সংস্থা তার কার্যক্রমের মাসিক প্রতিবেদন পরিকল্পনা অধিদণ্ডের প্রযোজ্য এমআইএস ফরম পূরণপূর্বক সংশ্লিষ্ট উপজেলার উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে প্রেরণ করবে।

১৪। পরিবার পরিকল্পনা অধিদণ্ডের সাথে অধিভুতি সকল অসরকারী সংস্থাকে 'রোগী কিংবা ক্লায়েন্ট' সরকারী সেবা কেন্দ্র (MCWC,UHC,UH&FWC) অথবা এ অধিদণ্ডের সাথে অধিভুতি ক্লিনিক বা সেবা কেন্দ্রে প্রেরণ/রেফার করতে হবে।

১৫। দীর্ঘ ও স্থায়ী পদ্ধতি (LAPM) সেবা প্রদানকারী অসরকারী সংস্থাকে স্থানীয় পর্যায় হতে প্রজেকশন দেওয়া যাবে। যে সকল অসরকারী সংস্থা ইমপ্রেস্ট ফান্ড গ্রহণ করবে, সে সকল সংস্থাকে সরকারী নীতিমালা অনুযায়ী ব্যয় নির্বাহ করতে হবে। এক্ষেত্রে ক্লায়েন্ট ও রেফারকারীকে কোন অতিরিক্ত/অগ্রীম ভাতা প্রদান করা যাবে না। পরিবার পরিকল্পনা পদ্ধতির জন্য প্রদত্ত ভাতার হার সম্মত তালিকা দৃশ্যমান স্থানে টাঙানো/প্রদর্শনের ব্যবস্থা থাকতে হবে।

১৬। অসরকারী সংস্থাকে পরিবার পরিকল্পনা অধিদণ্ডের প্রদত্ত নীতিমালা অনুসরণপূর্বক কার্যক্রম পরিচালনা করতে হবে। তবে কোন সংস্থার বিরুদ্ধে কোন অভিযোগ উত্থাপিত হলে অধিদণ্ডের তদন্ত পরিচালনা করে নবায়নের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে। এক্ষেত্রে মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদণ্ডের চূড়ান্ত ক্ষমতা সংরক্ষণ করেন।

এ আদেশ জারীর তারিখ হতে অত্র অধিদণ্ডের কর্তৃক এতদসংকোচিত পূর্বের প্রজ্ঞাপন অকার্যকর বলে গণ্য হবে।

১০/০৭/২০১৭

কাজী মোস্তফা সারোয়ার

মহাপরিচালক

পরিবার পরিকল্পনা অধিদণ্ডের

ফোন : ৯১১৮৯৯০৩

স্মারক নং: পপঅ/পরি/এনজিও নীতিমালা /০১/০৮/ ৩৫৯/২৯৮৬৩) তারিখ : ১০/০৭/২০১৭ পৃষ্ঠা:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হল:

- ১। পরিচালক/ লাইন ডাইরেক্টর (সকল) ..... অত্র অধিদণ্ডের
- ২। বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) ..... বিভাগ।
- ৩। জেলা প্রশাসক ও সভাপতি জেলা পরিবার পরিকল্পনা কমিটি (সকল), ..... জেলা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা/ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিভিল সার্জন ও সভাপতি জেলা টেকনিক্যাল কমিটি (সকল) ..... জেলা।
- ৬। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, (সকল) ..... জেলা।
- ৭। সহকারী পরিচালক (পঃ পঃ)/সহকারী পরিচালক(সিসি),(সকল) ..... জেলা।
- ৮। রিজিওনাল কনসালটেন্ট ও জেলা কনসালটেন্ট (এফপিসিএসটিকিউআইটি) (সকল) .....।
- ৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) উপজেলা ..... জেলা।
- ১০। থানা / উপজেলা পরিদ্বার পরিকল্পনা কর্মকর্তা / মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)(সকল),  
উপজেলা ..... জেলা।
- ১১। নির্বাহী পরিচালক, .....।
- ১২। জনাব .....।
- ১৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদণ্ডের।
- ১৪। অফিস কপি।

১০/০৭/২০১৭

(এ কে এম মাহবুব রহমান জোয়ার্দার)

যুগ্ম-সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

পরিচালক (পরিকল্পনা) ও

লাইন ডাইরেক্টর (PME)

ফোন : ৯১১৮২২৯৩

g-mail: [dirplandfp@gmail.com](mailto:dirplandfp@gmail.com)